REG. NO. C. 853

জঙ্গিপুর

# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া স্বয়ং আসিয়া বা করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## টাকার অষ্টোত্তর শতনাম।

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। মূল্য মাত্র /০ এক আনা। ৵৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া হয়।

ম্যানেজার

জঙ্গিপুর সংবাদ অফিস।

পোঃ রঘুনাথগঞ্জ।

(মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।


৯ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১লা কার্ত্তিক বুধবার ১৩২৯ ইংরাজী 18th October 1922. | ২০শ সংখ্যা।





দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। — জগৎ বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্রাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। — প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। — মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। — কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন ( টাক ) নিবারণে, কেশের শত্রু মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ।৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৵০ চার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

## অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরত্ন হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী-বক্ষদেশের দারুণ নিরাশা-বহ্নি হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে রুগ্ন,সাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১॥০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ।৵০ নয় আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণ অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং'র

## আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

# হিলিংবাম

গত ২৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

## ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এস, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস, ইত্যাদি অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি | বড় শিশি | ৩৲ |
| " " | মাঝারি শিশি | ২॥০ |
| " " | ছোট শিশি | ১৸০ |

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

## আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

## ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

চক্ষু চিকিৎসায় বিশেষজ্ঞ

—:০:—

মেডিক্যাল কলেজ হাসপাতাল ও দ্বারভাঙ্গা সরকারি হাসপাতালের ভূতপূর্ব্ব লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক।

সর্ব্বপ্রকার চক্ষুরোগ চিকিৎসা

ও বৈজ্ঞানিক উপায়ে চক্ষু পরীক্ষা করিয়া চশমায় ব্যবস্থা ও ব্যবস্থানুযায়ী প্রকৃত চশমা সংগ্রহ করিয়া দিয়া থাকেন।

যাবতীয় দুর্ব্বোধ ও দুরারোগ্য ব্যাধি

রক্ত কফ প্রস্রাবাদি পরীক্ষা করিয়া

রোগ নির্দ্ধারণ পূর্ব্বক আধুনিক বৈজ্ঞানিক উপায়ে ভ্যাক্সিন ও এণ্টিটক্সিন আদি ইন্‌জেক্‌সন ও ঔষধ প্রয়োগ করতঃ আরাম করেন।

চিকিৎসার্থী মফঃস্বলবাসীগণ—

কলিকাতা মহানগরীতে উপস্থিত হইয়া সুচিকিৎসকের সন্ধান করিতে বিশেষ বেগ পাইয়া থাকেন। তাঁহাদের অসুবিধা দূরীকরণের বিজ্ঞাপন এই দেওয়া হইল।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান :—

প্রাতে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ হরিশ মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা।

বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত—মেডিকেল হোরো ১৯৭ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।


---


সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১লা কার্ত্তিক বুধবার ১৩২৯ সাল।


## বিজয়ার আলিঙ্গন।

—:০:—

দুই সপ্তাহ অবকাশের পর আমাদিগের গ্রাহক, পাঠক, ও সহযোগীগণকে যথাযোগ্য বিজয়ার প্রনাম, নমস্কার ও আশীর্ব্বাদ করিয়া পুনরায় কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইলাম। মা জগদম্বার করুণা আমাদের একমাত্র ভরসা।

## প্লাবন বার্ত্তা।

—:০:—

আমাদের এতদঞ্চলে এবার তেমন বন্যা দেখিয়া আমরা মনে করিয়াছিমাম যে এবারকার মত স্থায়ী বন্যা কখনও দেখি নাই। বন্যা আসিয়াছিল নামিয়া গিয়াছে—ইহা ছাড়া এদেশে বিশেষ উল্লেখযোগ্য কোনও ক্ষতি হয় নাই। কিন্তু এই প্লাবনে উত্তর বঙ্গ একবারে উৎসন্নে গিয়াছে। রাজসাহী, বগুড়া ও দিনাজপুর প্রভৃতি কয়েকটী জেলায় নিম্নতম অংশগুলি জলে নিমগ্ন। ৭।৮ হাত জল হওয়ায় লোকের বাড়ী ঘর-সমস্ত ডুবিয়া গিয়াছে। মানুষ এবং গবাদি পশু অনেক মারা গিয়াছে। যাহারা বাঁচিয়া আছে তাহারা ঘরের চালা, রেল লাইনের উপর এবং কোন উচ্চস্থানে আশ্রয় লইয়া অনাহারে অনিদ্রায় মৃত্যুর অপেক্ষা করিতেছে। মানুষের হৃদয় বিদারক অবস্থা কি ভগবদ্দণ্ড না পরীক্ষা? আমরা বলি পরীক্ষা। কেননা তিনি দেখিতেছেন যে তোমরা যে স্বরাজ স্বরাজ করিতেছ ঠিক তাহার উপযুক্ত হইয়াছে কিনা! এই এক প্রাকৃতিক দুর্ঘটনার দ্বারা তিনি একবারে দুই সম্প্রদায়কেই পরীক্ষা করিবেন। প্লাবন পীড়িত দুস্থ জনগণকে পরীক্ষা করিতেছেন যে তাদের হৃদয়ে কত সহে। আর সমৃদ্ধ অট্টালিকা বাসী ও গৃহস্থগর্ণকে পরীক্ষা করিতেছেন যে তাদের হৃদয় আছে কিনা। ভাইএর কষ্টে ভাইয়ের প্রাণ কাঁদে কিনা। বিপন্ন আর্ত্তের কষ্ট নিবারণে সপন্ন দেশবাশীগণ আত্মোৎসর্গ করিতে শিখিয়াছে কিনা। আমাদের জেলায় বহরমপুর বাসী শ্রীযুক্ত ব্রজ ভূষণ গুপ্ত প্রমুখ কয়েকজন সহৃদয় ব্যক্তি সহরে ভিক্ষা করিয়া অর্থ সংগ্রহ করিতেছেন। আমাদের জঙ্গীপুরবাসী নিশ্চেষ্ট থাকিবেন কি?

## অদাহ্য কাপড়।

—:০:—

আমেরিকায় একজন রাসায়নিক পণ্ডিত মিঃ ফ্রেড লাওয়ার্ড কিছুদিন হইল এমন একটি রাসায়নিক দ্রব্য প্রস্তুত করিয়াছেন, যাহার সাহায্যে কাপড় অদাহ্য করা যায়। যে সব কারখানার শ্রমীদের আগুনের কাছে কাজ করিতে হয়, এইরূপ পোষাক তাদের পরা উচিত।

## বৈদ্যুতিক রেলগাড়ী।

—:০:—

রুসিয়ায় সম্প্রতি এক প্রকার 'নতুন' বৈদ্যুতিক রেলগাড়ী প্রচলিত হইয়াছে। এই গাড়ী একেবারে, না থামিয়া পাঁচশত মাইল ছুটিয়া যাইতে পারে! ইঞ্জিনের শক্তি তিন হাজার ঘোড়ার জোর; বলশেভিক সরকার ইহার নির্ম্মাণ কার্য্যে যথেষ্ট সাহায্য করিয়াছেন এবং এখনও এর কল কব্জা নির্ম্মাণ প্রণালী গোপন রাখিয়াছেন, পাছে অন্যদেশ তা আয়ত্ব করিয়া ফেলে—এই ভয়ে।

## আলুর গুণ।

—:০:—

আমরা যত সব তরকারী প্রতিদিন খাইয়া থাকি, তার মধ্যে আলু একটী প্রধান আহার্য্য। ইহাতে অধিক পরিমাণে শ্বেতসার আছে আর সেই কারণে আমাদের দেহের পুষ্টি-সাধন করে। তাহা ছাড়া আলু আমাদের অনেক কাজে আসে। ইহা হইতে নানাবিধ দ্রব্য তৈরী হয়। ইহা হইতে 'শঠী' তৈরী করা যায়। আজকাল যে সকল কৃত্রিম হাতীর দাঁতের দ্রব্যাদি দেখিতে পাওয়া যায় তাহাও এই আলু হইতে প্রস্তুত করা যাইতে পারে। কতকগুলি উৎকৃষ্ট গোল আলু লইয়া ভাল করিয়া খোসা ছাড়াইতে হয়। তারপরে উহার ময়লাযুক্ত অংশগুলি সযত্নে বাদ দিয়া কয়েকদিন নির্ম্মল জলে ভিজাইয়া রাখিতে হয়। একটি পাত্রে পরিষ্কার জল সালফারিক এসিড মিশাইয়া রাখিতে হয়। পরে জল হইতে আলুগুলি তুলিয়া উক্ত পাত্রের সালফারিক এসিড মিশ্রিত জলে আলুগুলি সিদ্ধ করিতে হয়, শেষে অগ্নিতাপে কঠিন বস্তুর ন্যায় হইলে আগুন হইতে নামাইয়া উহা পর্য্যায় ক্রমে গরম ও ঠাণ্ডা জলে ধুইতে হয়। তখন নরম থাকিতে থাকিতে কোন জিনিষ প্রস্তুত করিয়া লইলেই হইল। প্রস্তুত জিনিষ ঠিক হাতির দাঁতের মত সাদা ও দৃঢ় হইবে।

## বাঙ্গালায় অন্ত্যজের সংখ্যা।

—:০:—

দুই কোটী সারে নয়লক্ষ হিন্দুর মধ্যে এক কোটী ২৩ লক্ষ অস্পৃশ্য।

## জার্ম্মান জাহাজ।

—:০:—

প্রায় ৮০০০ মন লবণ বোঝাই নিয়ে দুটো জার্ম্মান জাহাজ পালভরে ১১৪ দিনে জার্ম্মানী থেকে কলিকাতায় এসেছে। পালভরে আসতে প্রায় ৫০০ পাউণ্ড টাকা লোকসান হয়েছে। কাপ্তেন সাহেব মাহিনা পাবে মোটে ত্রিশ টাকা, কারণ মার্কের দাম বেজায় নেমে গিয়েছে।

## বিলাতী বস্ত্র।

—:০:—

ম্যানচেষ্টারের বিখ্যাত সুতা ব্যবসায় মিঃ হোয়েডহেড বলছেন যে, প্রাচ্যে হাঙ্গামা হওয়ার দরুণ বস্ত্র ব্যবসা বেশ মন্দীভূত হ'য়ে পড়েচে; এজন্য মাত্র কয়েক ঘণ্টা ধরে কল চালান হ'চ্ছে। কাঁচা তুলার দরও খুব পড়ে গিয়েছে। আমেরিকার বাজার বিলাতের বাজার অপেক্ষা কতক ভাল, কারণ সেখানে বেল প্রতি ৩০ ডলার বেশী লাভ হচ্ছে।

---

## নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত

নিলামের দিন ২৬শে অক্টোবর ১৯২২।

—:০:—

২১৭ থাং ডিঃ শচিন্দ্রনাথ রায় দিং পক্ষে কমন ম্যানেজার অম্বিকাচরণ সেন দেঃ পাতাসু সেখ দাবি ৪১।৶৫ পং কাঁকজোল মৌঃ ঘনেশ্যামপুর ১৵০। কাত ৫॥৵১২ আঃ ৩০৲

২১২ থাং ডিঃ ঐ দেঃ বিসারত মহালদার দাবি ৩৯৵১০ পং ঐ মৌঃ যুক্তিনগর ১।০॥ কাত ৪৵৹০ আঃ ২৫৲

২১০ থাং ডিঃ ঐ দেঃ সেকেন্দর মোমিন দিং দাবি ১৮৵৹৯ পং রাজসাহী মৌঃ অনুপনগর ৵০ কাত ১৵৹ আ ৫৲

২০০ থাং ডিঃ চন্দ্রমনি দাস্যা দেঃ চমু সেখ দিং দাবি ২০॥৵৯ পং রাজসাহি মৌঃ গাজিনগর ১৴৪॥ কাত ২॥৴১৪ আঃ ৫৲

২৯৭ থাং ডিঃ সাজ্জাদ আহাম্মদ চৌধুরী দেঃ ডুবু মণ্ডল দাবি ২৭৻৩ পং রুকুনপুর মৌঃ অনন্তপুর ২৵০৻৬ কাত ৩।৶৩ আঃ ২০৲

২৯৫ থাং ডিঃ ঐ দেঃ ঝাইটন মণ্ডল দাবি ১৯৶৯ পং ঐ মৌঃ ঐ ১॥১৻১৮ কাত ২৻৬ আঃ ১৫৲

২৭০ থাং ডিঃ ঐ দেঃ বোগদাদ সেখ দাবি ৫৬৷৴০ পং

কোঙরপ্রতাপ মৌঃ লালপুর ৯/৻১৮ কাত ৮৸/৩ আঃ ৫০৲

২৬৯ থাং ডিঃ ঐ দেঃ নুরমহম্মদ বিশ্বাস দাবি ৮৫/০ পঃ ঐ মৌঃ জাফরাবাদ ১৩/১৻৮ কাত ১৬৷৷০ আঃ ৮০৲

১৬১ থাং ডিঃ ঐ দেঃ সোবরাতন বিবি দাবি ৫৩৸৵৯ পঃ ঐ মৌঃ লালপুর ২৸৻১৩ কাত ১৩৸৵৬ আঃ ৪৫৲

২৪৮ থাং ডিঃ কৃষ্ণগোপাল বন্দ্যোপাধ্যায় দিং দেঃ মুরারি মাল দাবি ১৪।৶/১০ পঃ নওয়ানগর মৌঃ জাগলাই ১।১ কাত যোল আনায় ৩৷৷৶/৮ ডিক্রিদারের নিজাংশে ১৸/১৪ আঃ ১০৲

২৪৭ থাং ডিঃ ঐ দেঃ মঙ্গল মাল দাবি ৩০।০ পরগনাদি ঐ ৫।২ কাত ১০৷৷/০ নিজাংশে ৫।১০ আঃ ১৫৲

২৪৬ থাং ডিঃ ঐ দেঃ গোবিন্দ মাল দাবি ১৩৸/০ পরগনাদি ঐ ২/০ কাত ৩৵/৮ নিজাংশে ১৷৷৶/৪ আঃ ১০৲

২৪৫ থাং ডিঃ ঐ দেঃ যামিনী মণ্ডল দাবি ২৯৷৷৶/৩ পরগনাদি ঐ ৩৷৷০৬ কাত ১০৷৷ নিজাংশে জমা ৫।০ আঃ ২৫৲

২০৪ থাং ডিঃ হরেন্দ্রনারায়ণ পাঁড়ে দেঃ শুভদ্রা দাস্যা দাবি ৩৩/১০ পঃ রাজসাহী মৌঃ নপাড়া ৫৷৷০ কাত ১৩৵০ আঃ ৩০৲

২০৩ থাং ডিঃ ঐ দেঃ মনশুর বিশ্বাস দাবি ৩৭৸/৫ পঃ ঐ মৌঃ আলিনগর ৫/০ কাত ৪৷৷৵০ আঃ ১৫৲

২৭৪ থাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেঃ খাতির সেখ দাবি ১৭৷৷৶/৬ পঃ আলিনগর মৌঃ আনলিয়া ৸০ কাত ১৸৶৩৸ আঃ ৫৲

২৭৩ থাং ডিঃ ঐ দেঃ জমসেদ মিঞা দাবি ৩৭৶/৩ পরগনাদি ঐ ৪/০ কাত ৫।/৮ আঃ ২০৲

২৩৩ থাং ডিঃ জগবন্ধু সাহা দেঃ জাফর মুন্সী দিং দাবি ১২৷৷৵/১৫ পঃ মঙ্গলপুর মৌঃ চাচণ্ড ১৷৶০ কাত ১৻১০ আঃ ১৫৲

২৩৪ থাং ডিঃ ঐ দেঃ নরেশনন্দিনী দাসী দিং দাবি ২২।/ পঃ ঐ মৌঃ নয়ানন্দবাটী জলকর জমা ১/০ আঃ ১০৲

২১৪ থাং ডিঃ দিগম্বর দাস দেঃ ইসফ সেখ দাবি ৩৩৷৷/০ পঃ রাজসাহী মৌঃ সীতারামপুর ৬৷৷১৬ কাত ৬৸৵/১৪ আ ১০৲

২২৭ থাং ডিঃ ঐ দেঃ সামদ্দি সেখ দাবি ৩৫/১০ পরগনাদি ঐ ৬৷৷১ কাত ৭৶/১০ আঃ ২০৲

২৬৭ থাং ডিঃ শ্যামাপদ রায় দিং দেঃ কুঞ্জলাল রায় দিং দাবি ১১৷৷৫ পঃ গনকর মৌঃ তেঘরি /১৷৷৵ কাত ৷৷/৮ আ ৫৲

২৫২ থাং ডিঃ কুমুদিনী দেবী দেঃ ইসমাইল সেখদিং দাবি ২৭।/১৫ পঃ ঐ মৌঃ বিজয়পুর ৫/০ কাত ১০৲ আঃ ৩০৲

৩০১ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেঃ গতু মণ্ডল দাবি ৪২৸৬ পঃ নশীপুর মৌঃ ফেজারনগর ৪।৩ কাত ৭৵০ আঃ ২০৲

৩০০ থাং ডিঃ বিনয়কুমার চৌধুরী দেঃ গোপালচন্দ্র সাহা নাঃ পক্ষে অলি মাতা কিরণবালা সাহানী দাবি ৬২।৫ পঃ নওয়ানগর মৌঃ কৈওর ৪৸৪ কাত ৯।৵ আঃ ৫০৲

---

## চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত। নিলামের দিন ২৩শে অক্টোবর ১৯২২।

—:০:—

৪৫৭ রেহান ডিঃ মহারাজ শশিকান্ত আচার্য্য বাহাদুর দেঃ চিন্তা মণ্ডলানী দাবি ৭৮৸৶০ পঃ সেরসাহাবাদ মৌঃ নুরপুর ৫/০ কাত ৫৲ আঃ ৫০৲

২৬৭ মনি ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেঃ প্রহ্লাদচন্দ্র মণ্ডল দাবি ৯২৸৵০ পঃ গনকর মৌঃ সাহাজাদপুর ইস্তাহারের লিখিত সম্পত্তি নীলাম হইবে। আঃ ৬৲

২৯৭ স্বত্ব ডিঃ কালীচরণ সিংহ দেঃ পতিজাননেসা বিবি দাবি ৩৫৻৯ পঃ নওয়ানগর মৌঃ সোনাটিকরি ৬/৩ কাত দেওয়া নাই আঃ দেন্দারের ৵১৩।— রঃ অংশের ৩০৲

৭০ মনি ডিঃ প্রসন্নচাঁদ বএদ দেঃ ছবি মণ্ডল দিং দাবি ১৪৫৸৶/৯ পঃ কাঁকজোল মৌঃ পরাণপারা ১।০৷৷ কাত ৪৷৷/০ বাঁশ ১৩ খোপ শুন্তি আন্দাজ ৪০০ আঃ মূঃ ১৬০৲

২২৪ মনি ডিঃ জিয়ালাল তেওয়ারী দেঃ রঘুনাথ মণ্ডল দিং দাবি ১২৯৵৩ পঃ গনকর মৌঃ ধনপতনগর ৩/০ কাত ৫।০ আঃ ৩৫৲

৫৯১ রেহান ডিঃ গোপালচন্দ্র সাহা দিং দেঃ গনেশরাম ভকত দাবি ২৪৮৷৷৵০ পঃ গনকর মৌঃ বালিঘাটা ৩৷৷৩৵ কাত ৪/১৬৷৷ আঃ ১৫০৲

---

কেন ?

# আমাদের জীবন দশা।

## অর্থাৎ

আমাদের অধঃপতনের মূল কারণ ইন্দ্রিয় সংযম না করিবার পরিণাম, বসবাসের অবস্থা, অসঙ্গত ভোজন পদ্ধতি, মন সংযমের উপকারিতা এবং আমাদের এই দুরবস্থা কবে অপনীত হইবে ইত্যাদি বিষয় বিশদরূপে বর্ণিত পুস্তক বিনা-মূল্যে এবং বিনা মাশুলে বিতরণ করা হয়। এই সুযোগ অধিক দিন থাকিবেনা ; অদ্যই পত্র লিখুন ; বিলম্বে নিরাশও হইতে পারেন।

## চন্দ্রপ্রভা বটিকা।

ইহা সেবনে নূতন পুরাতন মেহ, মূত্র কৃচ্ছ, কোষবৃদ্ধি, অর্শ, শ্বেত ও রক্ত প্রদর এবং সূতিকা রোগ দূর হয়। ১৬ ষোল বটিকা পূর্ণ এক কৌটার মূল্য কেবলমাত্র ১৲ এক টাকা।

## লৌহভস্ম।

এই ভস্ম প্রস্তুত করিতে অতি মূল্যবান উপাদান সকল ব্যবহৃত হইয়াছে। ইহা রক্তকে গাঢ় এবং শরীরে শক্তি সঞ্চার করে এবং দেহ লৌহের মত শক্ত করে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

কবিরাজ—

**মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।**

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি প্রণয়সূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কন্যের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্ত ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা ; ডাকমাশুল ও প্যাকিং ॥৵৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র ; মাশুলাদি ১।৵৹ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥৹ টাকা ; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵৹ এক টাকা তিন আনা.

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৵৹ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক সলিউসন্





মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালক-দিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥৹ দেড় টাকা।

**সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।**

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বিনা অস্ত্রে আরোগ্য

# অপেরীণ।




সর্ব্ব প্রকার ফোঁড়া, ব্রণ, বাগী, ফুলা এমন কি পৃষ্ঠব্রণ, ভগন্দর প্রভৃতি কঠিন ও অসাধ্য রোগের অব্যর্থ এবং একমাত্র মহৌষধ। যাহারা অস্ত্র চিকিৎসার বিপক্ষ এবং ইহাতে ভীত হন, তাহাদের পক্ষে "অপেরীণ" একমাত্র সুহৃদ ও অতি উৎকৃষ্ট অলৌকিক আবিষ্কার। ইহা বাহ্য প্রয়োগেই সম্পূর্ণ ফল পাওয়া যায় এবং কোনরূপ জ্বালা যন্ত্রণার বা পারদাদি মিশ্রিত অনিষ্টকর পদার্থ নাই। যে কোনরূপ ফোঁড়া বাগী হউক না কেন, ইহা প্রথম অবস্থায় প্রয়োগ করিলে মন্ত্রের ন্যায় বসিয়া যাইবে এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায় এরূপ আশু হিতকারী মহৌষধ প্রত্যেক গৃহস্থেরই অন্ততঃ ১ এক শিশি গৃহে রাখা আবশ্যক। সাধারণের পরীক্ষা প্রার্থনীয়।

প্রতি শিশির মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥৹ আনা।

একত্রে ৩ „ „ ৩৲ „ „ „ „

**সোল এজেন্ট—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।